গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

১৫, কলেজ রোড, ঢাকা- ১০০০

www.bjsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-১০.০৩.০০০০.০০৩.৩২.০০৫.২৪-৮৭ তারিখ ঃ ২৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ / ১২ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

জুডিসিয়াল সার্ভিসের শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০২৪

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০২৪ এর লিখিত পরীক্ষা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। আগামী ১২/১২/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ ওয়েবসাইটে পরীক্ষার নির্দিষ্ট তারিখ জানানো হবে। শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ 'শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮' এর সিলেবাস অনুসারে বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

২। পরীক্ষার সিলেবাস সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি, পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাগণের করণীয় সম্পর্কে কমিশনের নির্দেশাবলি কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এ পাওয়া যাবে।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ ও জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ

ক. আবেদনপত্র পূরণ ও জমাদান শুরুর তারিখ ও সময় ঃ **১৫/১১/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পূর্বাহ্ণ ১০.০০ ঘটিকা।**

খ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **২৯/১১/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকা।**

গ. ক্ষুদে বার্তা ও ই-মেইল মারফত যোগাযোগ ফি জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **৩০/১১/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকা।**

ঘ. অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) কর্তৃক অনুমোদনের শেষ তারিখ ও সময় ঃ **০১/১২/২০২৪ খ্রিষ্টাব্দ অপরাহ্ণ ৫.০০ ঘটিকা।**

ঙ. প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ঃ **০৯/১২/২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকা থেকে।**

নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪। বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী আবেদন করতে হবে ঃ—

(ক) প্রার্থীকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত ফরম পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে।

(খ) পরীক্ষার আবেদনপত্র ক্ষেত্রমতে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হতে হবে।

(গ) পূর্বোক্ত অনুমোদনের পর আবেদনকারী নিজেই তার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

(ঘ) প্রবেশপত্রধারী কর্মকর্তারাই কেবল পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত সাধারণ নির্দেশাবলি ঃ—

(ক) ওয়েবসাইটে আবেদনপত্র প্রাপ্তির পর Applicant verification page পাওয়া যাবে। এখানে পরীক্ষার্থী তার বিজেএস পরীক্ষার রোল ও ব্যাচ নম্বর প্রদান করে submit button ক্লিক করবেন।

(খ) এরপর Mobile verification page পাওয়া যাবে। এখানে পরীক্ষার্থী তার বিজেএস পরীক্ষার BJSC Form II এ প্রদত্ত মোবাইল নম্বর প্রদান করে submit button ক্লিক করবেন।

(গ) এরপর মূল আবেদনপত্র পাওয়া যাবে। আবেদনপত্রে নির্দেশিত তথ্যাদি পূরণপূর্বক পরীক্ষার্থী তার Online Registration কার্যক্রম সম্পন্ন করবেন। **উল্লেখ্য,**

অ) আবেদনপত্রে উল্লিখিত Designation (Bangla) এর স্থানে পরীক্ষার্থী তার বর্তমান পদবী উল্লেখ করবেন। প্রেষণে কর্মরত থাকলে বর্তমান পদবীর পাশে ব্র্যাকেটে সার্ভিস পদ উল্লেখ করতে হবে।

আ) Present office (Bangla) এর স্থানে পরীক্ষার্থী তার বর্তমান কর্মস্থলের নাম লিখবেন। যেমনঃ জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ইত্যাদি।

ই) District (Bangla) এর স্থানে পরীক্ষার্থী তার বর্তমান কর্মস্থলের জেলার নাম লিখবেন।

ঈ) অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) এর স্থানে পরীক্ষার্থী তার বর্তমান কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নামের বাম পাশের বৃত্তে ক্লিক করবেন।

উ) পরীক্ষার্থীর ছবি এবং স্বাক্ষর নির্ধারিত মাপের না হলে তিনি আবেদনপত্রের সংশ্লিষ্ট page এর ডান পাশে প্রদর্শিত Photo resizer এর মাধ্যমে সঠিক মাপ ব্যবহার করে আপলোড করবেন।

৬। সফলভাবে আবেদনটি জমা হওয়ার পর **টেলিটক সিম নম্বর** ব্যবহার করে ক্ষুদে বার্তা ও ই-মেইল মারফত যোগাযোগ ফি বাবদ **১০/= (দশ) টাকা** জমা দিতে পারবেন। আবেদনপত্র পূরণ করা হলে পরীক্ষার্থী Applicant Copy ডাউনলোড করে প্রিন্ট করতে পারেন এবং পেমেন্ট এর জন্য নির্ধারিত পদক্ষেপগুলো অনুসরণ করবেন।

প্রথম মেসেজ

আবেদনকারী ঃ টেলিটক সিম সম্বলিত মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন BJSCD স্পেস User ID, (যা পরীক্ষার্থী ডাউনলোডকৃত Applicant Copy-তে পাবেন) (Example: BJSCD 220293) পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে।

টেলিটক ঃ টেলিটক মেসেজের মাধ্যমে আপনাকে নাম ও পিন জানাবে।

দ্বিতীয় মেসেজ

আবেদনকারী ঃ টেলিটক সিম সম্বলিত মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন BJSCD স্পেস YES স্পেস পিন (Example: BJSCD YES 52364847) পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে।

৭। পেমেন্ট করার পর আবেদনটি সংয়ক্রিয়ভাবে অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) তথা ক্ষেত্রমতে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক অনুমোদনের জন্য প্রেরিত হবে। এক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) -গণ কর্তৃক যেন আবেদনপত্রটি দ্রুত অনুমোদিত হয় সে ব্যাপারে পরীক্ষার্থীগণকে তাদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি সম্পর্কে পূর্ব থেকেই ধারণা দিয়ে রাখার জন্য উৎসাহিত করা হচ্ছে।

৮। অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) তথা ক্ষেত্রমতে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এ গিয়ে 'Approval authority login' এর মাধ্যমে লগইন করে তার অধীনস্থ কোনো কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণ করছে কিনা তা দেখতে পারবেন। উক্ত পরীক্ষার্থী কর্মকর্তার আবেদন যথাযথ হলে তিনি তাৎক্ষণিক এটি অনুমোদন করে দিতে পারবেন।

বিশেষ দ্রষ্টব্য ঃ অনুমোদনকারী কর্তৃপক্ষ (Approval authority) কর্তৃক অনুমোদনের শেষ তারিখ ও সময় ঃ ০১/১২/২০২৪ খ্রিষ্টাব্দ অপরাহ্ন ৫.০০ ঘটিকা।

৯। অনলাইন আবেদন প্রক্রিয়ার যে-কোনো বিষয়ে তথ্য জানার জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে -

ক) এস, এম, আনিসুর রহমান
উপপরিচালক (অতিরিক্ত জেলা ও দায়রা জজ)
মোবাইলঃ ০১৭৩০ ০০০০০৮

খ) মোঃ আসিফ আকরাম
সহকারী পরিচালক (সিনিয়র সহকারী জজ)
মোবাইলঃ ০১৯১৬ ৯৯৩০৬৮

গ) মোঃ ফজলে এলাহী খান
সহকারী পরিচালক (সিনিয়র সহকারী জজ)
মোবাইলঃ ০১৭১৬ ৪১০৩১৮

প্রয়োজনে secretary10bjsc@gmail.com-এ ই-মেইল দিন।

স্বাক্ষরিত/=
(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ)
টেলিফোনঃ ০২-৪১০৫২২২১
ই-মেইলঃ secretary10bjsc@gmail.com